**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরি বলেছেন, কেন্দ্র ও রাজ্য সরকার শিশু শ্রম নির্মূল করতে এবং বাল্য বিবাহ রোধে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।**

**(২) ভারত ও বাংলাদেশ-সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আর্থিক অন্তর্ভুক্তি ও উদ্যোক্তা থেকে শুরু করে সবক্ষেত্রেই নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।**

**(৪) ন্যাশনাল টেস্টিং এজেন্সি নিট ইউজি-২০২৬ পরীক্ষার সময়সীমা বৃদ্ধি করেছে।**

**(৫) বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় দিনে কানাডার মুখোমুখি হতে চলেছে বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা।**

**##############################**

**TCPCR :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরি বলেছেন, কেন্দ্র ও রাজ্য সরকার শিশু শ্রম নির্মূল করতে এবং বাল্য বিবাহ রোধে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ জিরানিয়া পঞ্চায়েত সমিতির মিলনায়তনে বিশ্ব শিশু শ্রম বিরোধী দিবস উপলক্ষে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশন আয়োজিত কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই কাজে পঞ্চায়েতের প্রধান থেকে শুরু করে প্রতিটি নাগরিককেও এগিয়ে আসতে হবে, তবেই প্রতিটি শিশুর অধিকার সুরক্ষিত থাকবে। উপস্থিত ছিলেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, জিরানিয়া পঞ্চায়েত

সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানিয়া নগর পঞ্চায়েতের চেয়ারম্যান রতন কুমার দাস প্রমুখ।

\#############################

**Road Block :**

আত্মসমর্পণকারী জঙ্গিদের সংগঠন 'তিপ্রাসা ইউনিটি ফর জাস্টিস'-এর ডাকা সড়ক ও রেল অবরোধ আজ দুপুরে প্রত্যাহার করে নেওয়া হয়েছে। আজ জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে কথা বলার পরেই আন্দোলন প্রত্যাহার করে নেওয়া হয়। এরপর রেল ও যানবাহন চলাচল স্বাভাবিক হয়।

\#############################

**Border-Conference :**

ভারত ও বাংলাদেশ-সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। গত ৮ই জুন থেকে ১১ই জুন পর্যন্ত নয়াদিল্লিতে বি.এস.এফ ও বি.জি.বি-র মধ্যে ৫৭তম মহাপরিচালক পর্যায়ের সীমান্ত সমন্বয় সম্মেলনে এই অঙ্গীকার করা হয়। সম্মেলনে বর্তমানে সীমান্ত পরিস্থিতি পর্যালোচনা এবং সীমান্ত নিরাপত্তা ও সীমান্ত ব্যবস্থাপনা সম্পর্কিত পারস্পরিক উদ্বেগের বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সীমান্তে সমন্বিত টহল আরও জোরদার করতে, সতর্কতা বাড়াতে, রিয়েল-টাইম তথ্য আদান-প্রদান উন্নত করতে এবং আন্তঃসীমান্ত অপরাধী চক্রের বিরুদ্ধে যৌথ প্রচেষ্টা জোরদার করতে বি.এস.এফ এবং বি.জি.বি উভয় পক্ষই সম্মত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন বিএসএফ-এর মহাপরিচালক প্রবীণ কুমার এবং বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী।

\#############################

**Job Fair :**

রাজ্যের বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে দক্ষতা উন্নয়ন অধিদপ্তর এর উদ্যোগে আজ আগরতলায় চাকরি মেলার আয়োজন করা হয়। এই কর্মসূচিতে রাজ্য ও বর্হিরাজ্যের মোট ১৩টি বেসরকারি সংস্থা ও নিয়োগকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। চাকরি মেলায় অংশগ্রহণকারী সংস্থাগুলি বিভিন্ন ক্ষেত্রে প্রায় ১ হাজার ৮০০টি শূন্যপদের জন্য যোগ্য প্রার্থীদের নির্বাচন করে। নির্বাচিত প্রার্থীদের মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ পত্র প্রদান করা হবে।

##############################

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, রাজনৈতিক সহিংসতায় নিহতদের পরিবারের যোগ্য সদস্যদের সরকারি চাকরি দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকার সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজনৈতিক সহিংসতায় নিহতদের পরিবার থেকে এখন পর্যন্ত ৩৮টি আবেদন এসেছে, যার মধ্যে ১৮ জনকে চাকরি দেওয়া হয়েছে। ১১ জনের নাম প্রস্তাবিত হয়েছে। রাজনৈতিক সহিংসতায় নিহত হওয়ার উপযুক্ত প্রমান না থাকায় ৫টি আবেদন বাতিল করা হয়েছে এবং ৪টি আবেদন তদন্তাধীন রয়েছে।

##############################

**Petrol- Disel :**

কেন্দ্রীয় সরকার, শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের খুচরা আউটলেট থেকে মোটর স্পিরিট ও হাই-স্পিড ডিজেল ক্রয়ে নিষেধাজ্ঞা জারি করেছে এবং তাদের নিজ নিজ কনজিউমার পাম্প থেকে প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করতে বলা হয়েছে। পশ্চিম এশিয়ায় চলমান সংকটের কারণে বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলে সৃষ্ট বিঘ্নের পরিপ্রেক্ষিতে স্থানীয় ঘাটতি রোধ করতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

##############################

**Congress :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা জানিয়েছেন, সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী সপ্তাহ থেকে বিক্ষোভ আন্দোলন সংঘটিত করা হবে। তিনি বলেন, দ্রব্যমূল্য বৃদ্ধি, বেকারত্ব, গণতান্ত্রিক অধিকার রক্ষা এবং শিক্ষাক্ষেত্রের বিভিন্ন সমস্যাকে সামনে রেখেই এই কর্মসূচির আয়োজন করা হবে।

\############################

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

\#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\############################

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আর্থিক অন্তর্ভুক্তি ও উদ্যোক্তা থেকে শুরু করে শিক্ষা, স্বাস্থ্যসেবা, স্যানিটেশন, আবাসন, খেলাধুলা, বিজ্ঞান এবং প্রশাসন সবক্ষেত্রেই নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। সামাজিক মাধ্যমে তিনি আজ একথা উল্লেখ করেন। তিনি আরো বলেন, ড্রোন প্রযুক্তির মতো উদীয়মান ক্ষেত্রগুলিতে নারীদের ক্রমবর্ধমান অংশগ্রহণ

সুযোগের নতুন দ্বার উন্মোচন করছে। গত ১২ বছরে এন.ডি.এ সরকার নারী-নেতৃত্বাধীন উন্নয়নকে এগিয়ে নিতে কাজ করেছে এবং এর প্রতিফলন বিভিন্ন ক্ষেত্রে দেখা যায়। সরকার স্বনির্ভর গোষ্ঠীগুলোকে সক্রিয়ভাবে সমর্থন করছে, যা নারীদের আর্থিকভাবে স্বাবলম্বী হতে সাহায্য করছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

############################

**Voice Over-NDA-12 Years :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বর্তমান এন ডি এ সরকারের বারো বছরের উন্নয়ন অভিযাত্রায়, বহুমুখী বিকাশের ছবি স্পষ্ট হয়ে উঠছে। এক সর্বাত্মক উন্নয়নের ভাবনা ক্রমশ বাস্তব রূপ লাভ করছে। এর মধ্যে অন্যতম অবশ্যই নারী শক্তির ক্ষমতায়ন। নারী নেতৃত্বাধীন বিকাশের ধারাবাহিকতা আজ নতুন উচ্চতা ছুঁয়ে ফেলছে। একটি প্রতিবেদন।

########VC#######

############################

**NTA :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামী ২১ জুন অনুষ্ঠিতব্য নিট ইউজি-২০২৬ পরীক্ষার সময়সীমা ১৫ মিনিট বাড়িয়ে ১৮০ মিনিট থেকে ১৯৫ মিনিট করেছে। সংস্থাটি জানিয়েছে, তারা নিট (ইউজি)-২০২৬ পরীক্ষাটি সুষ্ঠু, নিরাপদ এবং পরীক্ষার্থীদের প্রয়োজন অনুসারে পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ। নতুন সময়সূচী হবে দুপুর ২টা থেকে বিকেল ৫ টা ১৫ মিনিট পর্যন্ত। সংশোধিত এই পরীক্ষা সময়ের মধ্যে হাজিরা খাতায় স্বাক্ষর এবং অন্যান্য তত্ত্বাবধান পদ্ধতির মতো বাধ্যতামূলক আনুষ্ঠানিকতার জন্য প্রয়োজনীয় সময়ও অন্তর্ভুক্ত থাকবে।এর পাশাপাশি, সংস্থাটি জানিয়েছে প্রশ্নপত্র পুস্তিকায় খসড়া কাজের জন্য বরাদ্দ স্থান দুই পৃষ্ঠা থেকে বাড়িয়ে চার পৃষ্ঠা করা হয়েছে, ফলে পরীক্ষার্থীরা গণনা ও চিত্র অঙ্কনের জন্য আরও বেশি জায়গা পাবে।

##############################

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ফটিকরায়ে ডলুগাঁও দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নির্মীয়মান স্কুল ভবনটি পরিদর্শন করেন। এই ভবনটি নির্মাণে ব্যয় হবে সাড়ে বারো কোটি টাকা।

##############################

**Blood Donation :**

জোলাইবাড়ির সাঁচীরামবাড়িতে টি.এস.আর ১৪ নম্বর ব্যাটেলিয়ানের সদর দপ্তরে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৩১ জন জওয়ান স্বেচ্ছায় রক্তদান করেন।

##############################

**Khet Bachao Abhiyan :**

দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ জোলাইবাড়ি ব্লকের কলসী ভিলেজ ও পশ্চিম চরকবাইয়ের লতুয়াটিলার কৃষকদের নিয়ে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় সুস্থায়ী কৃষি পদ্ধতির প্রচার, মাটির স্বাস্থ্যোন্নয়ন এবং পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি সম্পর্কে কৃষকদের অবহিত করা হয়।

##############################

**World Cup Football :**

২০২৬ বিশ্বকাপ ফুটবলের দ্বিতীয় দিনে দ্বিতীয় আয়োজক দেশ কানাডার মুখোমুখি হতে চলেছে বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা। ভারতীয় সময় রাত সাড়ে ১২টা থেকে শুরু হবে এই ম্যাচ। এরপর অন্যতম আয়োজক দেশ আমেরিকা খেলতে নামবে প্যারাগুয়ের বিরুদ্ধে। শনিবার সকাল সাড়ে ৬টা থেকে এই ম্যাচ দেখা যাবে। দুটি ম্যাচের আগেই আয়োজক দেশের উদ্যোগে একটি করে জমকালো উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন রয়েছে।

############################

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ২-০ গোলে কেশব সংঘকে পরাজিত করে। পরে একই মাঠে TTAADC ও কদমতলী যুব সংস্থার মধ্যে দ্বিতীয় খেলাটি ১-১ গোলে ড্র হয়।

############################

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতার আজ ৩টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় কর্নেল কোচিং সেন্টার ৩ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে, এম বি বি স্টেডিয়ামে কসমোপলিটন ক্লাব ১০ উইকেটে প্রগতি প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে বিদ্যাসাগর ইউ এম ভি কোচিং সেন্টার ৮ উইকেটে চলমান সংঘকে পরাজিত করে।

############################

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.১ ডিগ্রি সেলসিয়াস।

############################